R. N. No. 2532/57

Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২

রিপ্রোডাকশন সিন্ডিকেট

৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

এম বি পাম্পসেট

চাষীভাইদের স্বপ্নকে সার্থক করে তোলে।

পরিবেশক :—

এস, কে, রায়

হার্ডওয়ার ষ্টোর্স

রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ

ফোন নং—৪

৬৫শ বর্ষ
৫ম সংখ্যা

রঘুনাথগঞ্জ, ৩০শে জ্যৈষ্ঠ বুধবার, ১৩৮৫ সাল।
১৪ই জুন, ১৯৭৮ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৭৲, সডাক ৮৲

## রামের জন্মের আগেই ছাত্রদের রামায়ণ লেখার নির্দ্দেশ

নিজস্ব সংবাদদাতা : গত বছরের ফলাফল সম্বলিত মারকসীট না পাঠিয়েই জঙ্গিপুর কলেজের প্রায় ত্রিশ জন ছাত্রকে পুনরায় সমস্ত বিষয়ে পরীক্ষায় বসার নির্দেশ দেওয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়ের এই তুঘলকি নির্দেশে কলেজের পরীক্ষার্থীদের মধ্যে ক্ষোভের সঞ্চার হয়েছে। খবরে প্রকাশ, ১৯৭৭ সালে সংশ্লিষ্ট ছাত্ররা বি-এ, বি-এস-সি পার্ট ওয়ান পরীক্ষা দেয় এবং দীর্ঘ ৭/৮ মাস পর তাদের ফলাফল প্রকাশিত হয়। যথারীতি জঙ্গিপুর কলেজে সমস্ত পরীক্ষার্থীর মারকসীট আসে। কিন্তু মারকসীটের বাণ্ডিল খুলে কলেজ কর্তৃপক্ষ প্রায় ত্রিশটি ছেলের মারকসীট খুঁজে পান না। যোগাযোগ করা হয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে। অধ্যক্ষের 'রেকমেণ্ডেশন' নিয়ে সংশ্লিষ্ট ছাত্ররা ছুটে যায় বিশ্ববিদ্যালয়ের রেজালটস্ সেকসনে। কিন্তু ছাত্রদের কোন রকম পাত্তা দেওয়া হয়নি বলে জানা যায়। সংশ্লিষ্ট ছাত্রদের কলেজে মারকসীট ডাকযোগে পাঠিয়ে দেওয়া হয়েছে বলে রেজালটস্ সেকসন থেকে বলা হয়। কিন্তু আজ দেড় মাস অতিক্রান্ত—গুটি কয় মারকসীট ছাড়া বিশ্ববিদ্যালয়ের 'ডাকযোগে পাঠান' মারকসীটের বাণ্ডিল জঙ্গিপুর কলেজ কর্তৃপক্ষের কাছে আজও এসে পৌঁছায়নি। কবে পৌঁছাবে তারও ঠিক নেই। অথবা আদৌ ডাকযোগে পাঠানো

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## ইটখোলা নিয়ে দুর্নীতির অভিযোগ

ধুলিয়ান, ১৩ জুন—ধুলিয়ানে লাইসেন্সবিহীন ইটখোলা অনেক আছে, যারা সরকারকে রয়ালটি না দিয়ে বহাল তবিয়তে ইটের ব্যবসা চালিয়ে প্রচুর মুনাফা লুটছে। এতে সরকার আর্থিকভাবে বঞ্চিত হচ্ছেন। অন্যদিকে কৃষিযোগ্য জমি দিনের পর দিন ইট তৈরীর ফলে নষ্ট হয়ে যাচ্ছে বলে অভিযোগ উঠেছে। এ ব্যাপারে সামসেরগঞ্জের সি আই শ্যামাপদ মুখারজি সাত জন ইটখোলা মালিকের বিরুদ্ধে নোটীশ জারী করেন। খবরে প্রকাশ, তাঁদের কাছ থেকে কোন রকম সন্তোষজনক উত্তর না পেয়ে তিনি সামসেরগঞ্জের জে এল আর ও-কে সংশ্লিষ্ট বিষয়ে অবহিত করান এবং ইটখোলা মালিকদের বিরুদ্ধে মামলা দায়ের করার জন্য প্রয়োজনীয় নথীপত্র জমা দেন। আরো

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## ব্যাঙ্কের বিরুদ্ধে পুঁজিপতি তোষণের অভিযোগ

ধুলিয়ান, ১৩ জুন—সামসেরগঞ্জের ক্ষুদ্র ও প্রান্তিক চাষী এবং ছোট ও সাধারণ ব্যবসায়ীরা ধুলিয়ানের একটি বাণিজ্যিক ব্যাঙ্কের দুয়ারে ধরনা দিয়ে ঋণের জন্য দিনের পর দিন ঘুরে দলিল ও জামিনদার দেওয়া সত্ত্বেও ঋণ পান না। অথচ মুষ্টিমেয় কয়েকজন পুঁজিপতি ব্যাঙ্ক থেকে প্রচুর ঋণ, ওভার ড্রাফট—এমন কি ব্যাঙ্কে কোন আমানত না থাকা সত্ত্বেও ফোনের মাধ্যমে চেক জমা দেওয়ার সুযোগ ভোগ করে থাকেন বলে ওয়াকিবহাল মহল থেকে অভিযোগ করা হয়েছে। এই মহল থেকে পুঁজিপতি তোষণের একটি জলন্ত দৃষ্টান্ত দিয়ে জানানো হয়েছে যে, সম্প্রতি সামসেরগঞ্জ ব্লকে পঞ্চায়েত নিবাচনের প্রশিক্ষণ গ্রহণে উপস্থিত জনৈক ব্যাঙ্ক কর্মচারীকে নির্বাচন প্রশিক্ষণ গ্রহণে

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## বেকার ভাতা তালিকা

ফরাক্কা ব্যারেজ, ১৩ জুন—রাজ্য সরকারের প্রস্তাবিত বেকার ভাতা প্রকল্প বাস্তবায়িত করার জন্য কর্ম-বিনিময় কেন্দ্রগুলি থেকে তালিকা পাঠানোর কাজ শেষ হয়ে এসেছে। ফরাক্কা প্রকল্প কর্মবিনিময় কেন্দ্র থেকে ১৯৭৩ সাল পর্যন্ত ১৯৪১ জন নথীভুক্ত বেকারের নাম পাঠানো হয়েছে বলে জানা গেছে। যাঁদের নাম একনাগাড়ে

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## শ্মশান সংস্কার দাবি

জঙ্গিপুর, ১৪ জুন—শহরের ১৬ জন নাগরিক জঙ্গিপুর শ্মশানের পোড়ো বাড়ীটির সংস্কারের দাবি জানিয়ে জঙ্গিপুর মহকুমা শাসকের কাছে স্মারকলিপি পেশ করেছেন। তাঁরা বলেছেন, মৃতদেহ সৎকারের সময় শ্মশানের ওই বাড়ীটি ব্যবহৃত হয়ে থাকে। বর্তমানে ওই বাড়ীর টিনের চালা, পাকা মেঝে এবং দেওয়াল নষ্ট হয়ে গিয়ে ব্যবহারের অযোগ্য হয়ে

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## সরকারী সাহায্য

বিশেষ প্রতিনিধি, ১৩ জুন—মৃত নির্বাচনকর্মী নুরুল ইসলামের স্ত্রীকে সরকারী সাহায্যদানের জন্য সুপারিশ করা হয়েছে। নুরুলবাবু ছিলেন রঘুনাথগঞ্জ থানার বড়শিমুল স্কুলের শিক্ষক। পঞ্চায়েত নির্বাচনের দায়িত্ব পালন করে ফরাক্কা থেকে বাড়ী ফেরার পথে ৫ জুন তিনি রঘুনাথগঞ্জ গাড়ীঘাটে নৌকা থেকে পড়ে গিয়ে ভাগীরথীতে

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## অবস্থান ধর্মঘট

ফরাক্কা ব্যারেজ, ১৩ জুন—বিভিন্ন দাবি-দাওয়ার ভিত্তিতে ফরাক্কা ব্যারেজ যুক্ত সংগ্রাম কমিটি গতকাল রাত্রি সাতটা থেকে জেনারেল ম্যানেজারের অফিসের সামনে অবস্থান ধর্মঘট শুরু করেছেন। ওই ধর্মঘট ৪৮ ঘণ্টা চলবে বলে জানানো হয়েছে।

## শ্রমিকের কাজ বন্ধ

রঘুনাথগঞ্জ, ১৪ জুন—এই থানার দফরপুর রওজাপাড়া বিড়ি কারখানার মুনসী ৬ জন বিড়ি শ্রমিকের কাজ সম্পূর্ণভাবে এবং ৮ জনের আংশিক-ভাবে বন্ধ করে দিয়েছেন। এ খবর দিয়ে জঙ্গিপুরের কংগ্রেস (ই) এম এল এ হাবিবুর রহমান জানিয়েছেন, 'ওই বিড়ি শ্রমিকদের অপরাধ যে, এতদিন তারা কংগ্রেস করেছে। বামফ্রন্টের দুটি শরীক দলের পক্ষ থেকে তাদের কাজ বন্ধ করে দেওয়ার জন্য চাপ সৃষ্টি করা হচ্ছে।'

**মঙ্গলজনে দলাদলি :** রঘুনাথগঞ্জের মঙ্গলজন গ্রাম থেকে পাওয়া খবরে

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

আপনার গৃহসজ্জায় অনুপম
সৌন্দর্য্যের জন্য যুগান্তকারী
একটি নাম—

গোদরেজ

আমাদের সঙ্গে যোগাযোগ করুন, আমরা আপনার ঘরে গোদরেজের আলমারী, রিফ্রেজেটর, চেয়ার-টেবিল নামমাত্র খরচে পৌঁছে দেব॥

অনুমোদিত পরিবেশক

মেঃ ভকত ভাই প্রাঃ লিঃ

বোলপুর ★ বীরভূম

পিন : ৭৩১২০৪

ফোন নং ২৪১

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৩০শে জ্যৈষ্ঠ বুধবার, ১৩৮৫ সাল।

## ফরাক্কার ছাড়পত্র

ফরাক্কায় প্রস্তাবিত বৃহদায়তন তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপনের কাজ আরও এক ধাপ আগাইয়া গেল। প্রথম পর্যায়ে স্থান নির্বাচনের কাজ কয়েক মাস হইল সম্পন্ন হইয়াছিল। এক্ষণে কেন্দ্রটির জন্য অর্থ নৈতিক ও কারিগরি ছাড়পত্র দিয়াছেন কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষ। সম্প্রতি ইউ এন আই পরিবেশিত একটি সংবাদ হইতে ফরাক্কার ছাড়পত্রের কথা জানা গিয়াছে। শক্তিমন্ত্রকের একজন মুখপাত্র সূত্রের উদ্ধৃতি দিয়া সংবাদ সংস্থা ইউ এন আই জানাইয়াছেন, প্রস্তাবিত বিদ্যুৎ কেন্দ্রটি হইতে প্রথম পর্যায়ে এক হাজার মেগাওয়াট বিদ্যুৎ পাওয়া যাইবে। পরে কেন্দ্রটি সম্প্রসারিত করিয়া দুই হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করা যাইতে পারে।

প্রস্তাব অতি উত্তম। বর্তমান বিদ্যুৎ সঙ্কটের সময়ে ফরাক্কা তাপ-বিদ্যুৎ কেন্দ্রের ছাড়পত্রের সংবাদ মেঘাচ্ছন্ন আকাশে বৈদ্যুতিক ঝলকানির মতই থাকিয়া থাকিয়া বিরাট সম্ভাবনার কথা স্মরণ করাইয়া দিতেছে: বিশেষ করিয়া কেন্দ্রীয় শক্তিমন্ত্রীর মুখে আমরা যখন শুনিতেছি ভারতবর্ষে পাঁচটি প্রস্তাবিত তাপবিদ্যুৎ কেন্দ্রের মধ্যে ফরাক্কা হইবে সর্ববৃহৎ। আর সেই সর্ববৃহৎ সম্ভাবনা ছিল এত-দিন মেঘাচ্ছন্ন; বিদ্যুতের ঝলকানি অথবা বর্ষণের সম্ভাবনা ছিল সুদূর-পরাহত। এখন স্থান নির্বাচন এবং অর্থ-নৈতিক ও কারিগরি ছাড়পত্র সম্পূর্ণ হওয়ায় সম্ভাবনা বহুলাংশে নিশ্চিত হইয়াছে।

অতঃপর বিশ্বব্যাঙ্কের অর্থলগ্নী, রাজমহল হইতে কয়লা পরিবহণের জন্য রেললাইন স্থাপন, কেন্দ্রের জন্য জমি অধিগ্রহণ ইত্যাদি প্রভৃতি বহু ব্যাপার আছে। সরকার এবং নির্বাচিত প্রতিনিধিগণের তৎপরতা দেখিয়া বোধ হইতেছে আর কোন বাধাই ফরাক্কা তাপবিদ্যুৎ স্থাপনকে দূরে ঠেলিয়া রাখিতে পারিবে না। সমস্ত বাধা দূর হইবে, সমস্ত কাজ সম্পূর্ণ হইবে। ফরাক্কায় বিদ্যুৎ উৎপন্ন হইবে। বহু কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হইবে। যতদিন না হয় ততদিন আমরা স্বপ্ন দেখিতে শুরু করি ফরাক্কা বৃহদায়তন তাপবিদ্যুৎ কেন্দ্রে বিদ্যুৎ উৎপন্ন হইতেছে। আমরা সুইচ টিপিলেই বৈদ্যুতিক আলো পাইতেছি। লোডশেডিং-এর তমসাচ্ছন্ন অধ্যায়ের অবসান ঘটিতেছে।

## চিঠি-পত্র

( মতামত পত্রলেখকের নিজস্ব )

### বৈদ্যুতিক অব্যবস্থা

জঙ্গিপুর পৌর এলাকায় বৈদ্যুতিক আলোর ব্যবস্থা আছে। তাহার ভিতর যেগুলি যেদিন জ্বলিবে না, পরদিন বিদ্যুৎ বাতি না জ্বলা দৈনিক রিপোর্ট স্থানীয় কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হয়। লক্ষ্য করা যাইতেছে যে, বহু পূর্ব্বমেয়াদী অভিযোগ বাদ দিলেও গত ১৯।৪।৭৮ তারিখের শিলাবৃষ্টির পর পৌর এলাকায় প্রায় ১৮০টি বাল্ব নষ্ট হইয়া যায়। সে অবধি কিছু সংখ্যক উক্ত অকেজো বাল্ব পালটানো হইলেও বহু বাল্ব অকেজো অবস্থাতেই রহিয়াছে; উপরন্তু দৈনিক যে সকল বাল্ব ফিউজ হইতেছে, তাহা জমিয়া প্রায় পূর্ব্বাবস্থাপ্রাপ্ত হইয়াছে। দৈনিক বাতি না জ্বলা রিপোর্ট দাখিল সত্ত্বেও অকেজো বাল্বগুলি পালটানো ব্যাপারে কর্তৃপক্ষ কোনরূপ ব্যবস্থা না গ্রহণ করায় স্থানীয় কর্তৃপক্ষসহ উর্ধ্বতন সকল কর্তৃপক্ষকে ব্যবস্থা লওয়ার জন্য লেখা হইয়াছে। ইহা ছাড়াও গুরুতর অভিযোগ এই যে, স্থানীয় বিদ্যুৎ কর্তৃপক্ষ অনুমোদিত বেশী শক্তির বাল্ব না লাগাইয়া কমশক্তির বাল্ব ব্যবহার করিতেছেন। সেই হেতু পৌর কর্তৃপক্ষ ক্ষতিগ্রস্ত হইতেছে। জায়গা বিশেষে এরূপ ক্ষেত্রে গণ্ডগোলের সূচনা হইয়াছে। এতদ্সম্পর্কে পৌর জনসাধারণ রাস্তা চলাকালে আলোর অভাবে ভীষণ অসুবিধা ভোগ করিতেছেন। অন্যদিকে এতগুলি বাল্ব না জ্বলার জন্য এবং উচ্চশক্তি অনুমোদিত বাল্বের স্থলে কমশক্তির বাল্ব ব্যবহারের জন্য পৌর কর্তৃপক্ষকে মাসিক বিদ্যুৎ বিলের হারাহারি কোনরূপ কমতা না দেওয়ায় মাসের পর মাস পৌর কর্তৃপক্ষ আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হইয়াছে। বিদ্যুৎ পর্ষদের উর্ধ্বতন কর্তৃপক্ষকে এই ব্যাপারে লিখিয়া প্রতিকার চাওয়া হইয়াছে। শুনা যাইতেছে যে, স্থানীয় বিদ্যুৎ পর্ষদের তহবিলে বাল্ব মজুত না থাকায় পর্ষদ কর্তৃপক্ষ কোন কাজ না করিয়া চুপচাপ বসিয়া আছেন এবং মাসের পর মাস নিয়মিতভাবে বাঁধাবাঁধি টাকার মাসিক বিল আদায় করিতে-ছেন। প্রসঙ্গতঃ উল্লেখ্য যে, কিছুদিন পূর্ব্বে 'আনন্দবাজার' পত্রিকায় দেখা গিয়াছে, পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদের যে স্থলে বছরে ৩.৪ কোটি টাকার সরঞ্জাম দরকার হয়, সেই স্থলে একত্রিশ কোটি টাকার সাজসরঞ্জাম ক্রয় করিয়া মজুত রাখা হইয়াছে। এতদ্সত্ত্বেও এইরূপ অবস্থা কেন হইতেছে, তাহা জন-সাধারণের বোধগম্য নহে। যাহাতে অত্র পৌর এলাকায় উপরউক্ত অব্যবস্থার প্রতিকার হয় এবং মাসিক বিলে বাতি না জ্বলা দরুণ কমতা দেখান হয়, তাহার জন্য উপযুক্ত কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি। —ডাঃ গৌরীপতি চট্টোপাধ্যায়, পৌরপতি, জঙ্গিপুর পৌরসভা।

### পুরপতির প্রতি

জঙ্গিপুর পুরসভার ৫নং ওয়ারডের 'জঙ্গিপুর সংবাদ' কার্যালয় সংলগ্ন তহবাজার যাতায়াতের জন্য অত্যন্ত প্রয়োজনীয় গলির একমাত্র ড্রেনটি সংস্কারের অভাবে দুঃসহ অবস্থার সৃষ্টি হয়েছে। সম্প্রতি ড্রেনটির আংশিক সংস্কার করা হোলেও ভাঙ্গা অংশটি আজও আগের অবস্থায় রয়েছে। অবিলম্বে ড্রেনটির ( ১০০ গজ এলাকা ) সংস্কার চাই এবং সংশ্লিষ্ট গলিতে একটি বৈদ্যুতিক আলোর ব্যবস্থা চাই। সংশ্লিষ্ট গলিতে যে কেরোসিন বাতিটি রয়েছে, কেরোসিন অভাবে বহুদিন থেকে তা জ্বালানো হচ্ছে না। অন্ধকারে গলি দিয়ে যাতায়াত বিপদ্জনক হয়ে উঠেছে। —সত্যনারায়ণ ভকত ও বিমান হাজরা, রঘুনাথগঞ্জ।

## বাস ধর্মঘটের জের

জঙ্গিপুর, ১৪ জুন—বাসকর্মীকে প্রহারের প্রতিবাদে জঙ্গিপুরের হারু সিংকে গ্রেপ্তারের দাবিতে অনির্দিষ্ট-কালের জন্য যে বাস ধর্মঘট শুরু হয়েছিল, তা প্রত্যাহার করে নেওয়া হয়েছে। হারু সিং আত্মসমর্পণ করেছেন। কিন্তু বাসকর্মী আত্মসমর্পণ করেননি। একজন স্কুল শিক্ষকার শ্লীলতাহানির অভিযোগে ওই বাসকর্মী প্রহৃত হন এবং তাঁর বিরুদ্ধে একটি মামলা রুজু করা হয়। খবরটি পুলিশ সূত্রের।

## লরি লুঠ, অবরোধ

ফরাক্কা ব্যারেজ, ১৩ জুন—পরশু রাত্রে একদল দুষ্কৃতকারী ফরাক্কা থানার বল্লালপুরে জাতীয় সড়কে একটি লরি থামিয়ে চালককে মারধোর করে এবং মাল লুঠ করে। তারই প্রতিবাদে লরিচালকরা গতকাল সকাল থেকে জাতীয় সড়ক অবরোধ করে। ফরাক্কা পুলিশের হস্তক্ষেপে সাত ঘণ্টা পর অবরোধ তুলে নেওয়া হয় এবং যানবাহন চলাচল স্বাভাবিক হয়। খবরটি পুলিশ সূত্রের।

## বাঁশের চেয়ে কঞ্চি দড়

অরঙ্গাবাদ, ১৩ জুন—নিমতিতা রেল ষ্টেশন থেকে অরঙ্গাবাদ ডি এন কলেজ মোড় পর্যন্ত একটি রাস্তা তিন চার মাস আগে রাজ্য সরকারের অনুমোদন লাভ করে। পঞ্চায়েত নির্বাচনের প্রচারে এসে পূর্তমন্ত্রী যতীন চক্রবর্ত্তী দেখেন তিন চার মাসেও রাস্তাটির কাজে হাত দেওয়া হয়নি। যাবার সময়, তিনি তাগাদা দিয়ে যান। দেখা যায় পরদিন থেকে কাজ শুরু হয়েছে।

## নতুন রূপে রক্তআমাশয়

জঙ্গিপুর, ৭ জুন—জঙ্গিপুর ও তার আশেপাশে বেশ কিছুদিন ধরেই রক্তআমাশয় নামক রোগটি ব্যাপক-ভাবে দেখা দেওয়ার ফলে স্বভাবতই জনগণের মনে বেশ একটা ভীতির সঞ্চার হয়েছে। নামে রক্তআমাশয় হলেও কিন্তু এটা একেবারে পুরোপুরি ঐ জাতীয় রোগ নয়। কারণ ডাক্তাররা রক্তআমাশয় বলে ডায়াগো-নসিস করলেও কার্যতঃ চিকিৎসা ব্যর্থ হচ্ছে। এই রোগে ইতিমধ্যেই দুই জনের মৃত্যু ঘটেছে এবং আরও কয়েকজন শয্যাশায়ী আছেন বলে প্রকাশ। জঙ্গিপুর সাহেববাজারের একটা বাড়ীতেই ৭ জন এই রোগে আক্রান্ত হয়েছেন। তবে কি থেকে এই রোগ হচ্ছে তা এখনও জানা না গেলেও ডাক্তারী মহলের আশঙ্কা, এটা অল্প হলেও ছোঁয়াচে রোগ।

## ট্রেনে কাটা পড়ে মৃত্যু

ফরাক্কা ব্যারেজ, ১২ জুন—গতকাল সকালে নিউফরাক্কা রেল ষ্টেশনের কাছে আপ নিউজলপাইগুড়ি প্যাসেঞ্জার ট্রেনে কাটা পড়ে এক ব্যক্তি মারা গিয়েছেন বলে খবর পাওয়া গিয়েছে।

পশ্চিমবঙ্গ সরকার

## মুর্শিদাবাদ ইনষ্টিটিউট অফ্ টেকনোলজী

*পোঃ কাশিমবাজার রাজ, জেঃ মুর্শিদাবাদ*

১৯৭৮-৭৯ শিক্ষাবর্ষে ৪র্থ বার্ষিক সিভিল, মেকানিক্যাল ও ইলেট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং লাইসেনসিয়েট কোর্সে ভর্ত্তির জন্য আবেদন করার নির্দ্দিষ্ট ফরম ১২-৬-৭৮ তারিখ হইতে ৮-৭-৭৮ তারিখ পর্য্যন্ত যে কোন কাজের দিন বেলা ১১-৩০ মিঃ থেকে বেলা ৩-০০ মিঃ এর মধ্যে ( শনিবার বেলা ১-৩০ মিঃ পর্য্যন্ত) অধ্যক্ষ মহাশয়ের অফিস থেকে নিজে এসে মার্কসীট বা এ্যাডমিট কার্ড দেখালে পাওয়া যেতে পারে। ডাকযোগে এ্যাডমিট কার্ড অথবা মার্কসীটের প্রত্যায়িত নকলসহ ৫৫ পয়সার ডাকটিকিটযুক্ত ২৫ সেমি×১০ সেমি মাপের খাম পাঠালে আবেদনপত্র ও প্রস্পেক্টাস্ পাওয়া যেতে পারে।

ভর্ত্তির জন্য প্রয়োজনীয় যোগ্যতা :— পশ্চিমবঙ্গ বোর্ড অফ্ সেকেণ্ডারী এডুকেশন এর মাধ্যমিক অথবা ষ্টেট কাউন্সিল ফর ইঞ্জিনিয়ারিং এ্যাণ্ড টেকনিক্যাল এডুকেশন পশ্চিমবঙ্গ কর্ত্তৃক স্বীকৃত সমতুল পরীক্ষায় উত্তীর্ণ ও ভৌত বিজ্ঞান ( পদার্থ ও রসায়ন শাস্ত্র ) গণিত এবং ইংরাজীতে পাস নম্বর। যাহারা এই বছর উক্ত যে কোন পরীক্ষায় বসেছে তারাও আবেদন করিতে পারে। বয়ঃসীমা :— ১-১-৭৮ তারিখে অনূর্দ্ধ ২০ বছর (বিশেষ যোগ্যতা-সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে বয়ঃসীমা ১ বছর শিথিলযোগ্য ), তপশীল ও উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সের উর্দ্ধসীমা ৩ বছর শিথিল-যোগ্য। নগদে বা মনি অর্ডারে দু'টাকা রেজিষ্ট্রেশন ফি জমা দেওয়ার রসিদসহ পূরণ করা আবেদনপত্র অধ্যক্ষ মহাশয়ের অফিসে ১০-৭-৭৮ তারিখের বেলা ৪-৩০ মিঃ এর মধ্যে অবশ্য পৌছান চাই। নির্ব্বাচন :— মাধ্যমিক/ষ্টেট কাউন্সিল কর্ত্তৃক স্বীকৃত সমতুল পরীক্ষায় গণিত, ভৌত বিজ্ঞান ও ইংরাজীতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রাথমিকভাবে নিবাচন করে নির্ব্বাচিত প্রার্থীদের মধ্য থেকে মৌখিক পরীক্ষার ভিত্তিতে ভর্ত্তির জন্য চূড়ান্তভাবে নির্ব্বাচন করা হবে। মাধ্যমিক পরীক্ষার ফল বের হওয়ার ৭ ( সাত ) দিনের মধ্যে প্রার্থীদের মার্কসীটের প্রত্যায়িত নকল আবেদনপত্রের ক্রমিক নম্বর উল্লেখপূর্ব্বক অধ্যক্ষের অফিসে জমা দিতে হবে। মৌখিক পরীক্ষার জন্য নির্ব্বাচিত প্রার্থীদের তালিকা মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশ হওয়ার ১৪ ( চৌদ্দ ) দিনের মধ্যে কলেজ নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে দেওয়া হবে। ছাত্রাবাসে আসন পাওয়া যাবে।

*অফিসার-ইন-চার্জ*

## নিলামের ইস্তাহার

### *চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত*

নিলামের দিন ৩।৭।৭৮

১৮।৭৬ অন্য জারী ডিঃ আসলেমা বিবি দেঃ মির্জা মজিবুর রহমান দাবি ৫৫৪'৭০ পঃ ১নং লাট থানা সাগরদীঘি মৌজে বেরগ্রাম মোট জমি ৩৩৬ শতক তন্মধ্যে ২৯ শতকের কাত ১৪'৬ পঃ পশ্চিমবঙ্গ সেরেস্তায় লেখা যায়। আঃ ৫০০৲ ২নং লাট মৌজাদি ঐ ৭॥০ শতকের কাত ১৫৫৵/১১ পাই পশ্চিম-বঙ্গ সেরেস্তায় লেখা যায়। আঃ ১০০৲ ৩নং লাট মৌজাদি ঐ ৩১ শতকের কাত ২।৵১১ পাই পশ্চিমবঙ্গ সেরেস্তায় লেখা যায়। আঃ ৪০০৲।

### *কর্মখালির নোটিশ*

স্কুল ফাইন্যাল অথবা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ সমবায় বিষয়ে অভিজ্ঞ অনধিক ৩০ বৎসর বয়সের একজন সেলসম্যান চাই। বেতন মাসিক ১৫০ টাকা। ২৮।৬।৭৮ তারিখের মধ্যে সম্পাদক, সাগরদীঘি থানা এগ্রিঃ মার্কেটিং কোঃ অপাঃ সোসাইটি লিমিটেড, পোঃ সাগরদীঘি জেলা মুর্শিদাবাদ ঠিকানায় আবেদন করুন।


**ক্যালকাটা সাইকেল ষ্টোর**

( জগন্নাথের সাইকেলের দোকান )

**ফুলতলা** রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ ) বাজার অপেক্ষা সুলভে সমস্ত প্রকার সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস বিক্রয় ও মেরামতির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

Phone - Farakka 24

**ডাঃ এস, এ, তালেব**

ডি এম এস

পোঃ ফরাক্কা ব্যারেজ, মুর্শিদাবাদ। হোমিওপ্যাথি মতে যাবতীয় পুরাতন রোগের চিকিৎসা করা হয়।

১নং পাটনা বিড়ি, ১নং আজাদ বিড়ি

সিনিয়র রুস্তম বিড়ি

**বঙ্গ আজাদ বিড়ি ফ্যাক্টরী**

পোঃ ধুলিয়ান ( মুর্শিদাবাদ )

সেলস্ অফিস : গৌহাটি ও তেজপুর

ফোন : ধুলিয়ান—২১

**ঋিকো**

ইলেকট্রিক মোটর ও মোটর পাম্পসেট

ডিলার : **উষা হার্ডওয়ার ষ্টোর**

বাবুলবোনা রোড, বহরমপুর

মুর্শিদাবাদ


## ব্যাঙ্ক ধর্ম্মঘট

নিজস্ব সংবাদদাতা, ১৩ জুন—কর্তৃপক্ষের একতরফা সিদ্ধান্তের প্রতিবাদে সারা দেশের সঙ্গে একযোগে ষ্টেট ব্যাঙ্ক অব ইণ্ডিয়ার জঙ্গিপুর, অরঙ্গাবাদ ও ফরাক্কা শাখার অফিসাররা গতকাল একদিনের প্রতীক ধর্মঘট পালন করেন। তাঁদের এই ধর্মঘটের ফলে ব্যাঙ্কের কাজকর্মে অচলাবস্থার সৃষ্টি হয়।

### *ব্যাটারী চোর ধৃত*

সাগরদীঘি, ১৪ জুন—গত বৃহস্পতিবার রাত্রে মোরগ্রাম রেল ষ্টেশনের কাছে কয়েকজন যুবক ট্রেনের ব্যাটারী চুরি করতে থাকলে বোখারা গ্রামের জাগালদাররা তাদের দেখে ফেলে। যুবকরা ব্যাটারী ফেলে পালাবার চেষ্টা করলে একজন ব্যাটারীসহ ধরা পড়ে। সাগরদীঘি পুলিশ তাকে গ্রেপ্তার করেছে। তার বাড়ী বীরভূম জেলার তকীপুর গ্রামে।

### *হিন্দুধর্ম সংস্কৃতি সম্মেলন*

সাগরদীঘি, ১৩ জুন—বালিয়া গ্রামে বালিয়া হিন্দু মিলন মন্দিরের চতুর্থ বার্ষিক সম্মেলন সম্প্রতি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রথম দিন সভাপতিত্ব করেন ভারত সেবাশ্রম সংঘের স্বামী হিরন্ময়ানন্দজী।

### *ভ্রম সংশোধন*

গত সপ্তাহে জঙ্গিপুর সংবাদ পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তিতে 'আমার পত্নী শ্রীমতী ছবিদেবীকে'র জায়গায় 'আমার পতি শ্রীপতিতপাবন মুখোপাধ্যায়কে আমার স্থাবর-অস্থাবর বিষয় সম্পত্তির দেখাশুনার ভার সর্বতোভাবে দিয়াছি' পড়তে হবে।

### *বিজ্ঞপ্তি*

আমরা রঘুনাথগঞ্জ থানার কানুপুর অঞ্চলের লোক। নির্দলীয় প্রার্থী হিসেবে কানুপুর গ্রাম পঞ্চায়েতে নির্বাচিত হইয়াছি। অদ্য হইতে আমরা আর-এস-পি দলের আদর্শে বিশ্বাসী হইয়া আর-এস-পি দলে যোগদান করিলাম।

অতএব প্রার্থনা নিম্ন স্বাক্ষরকারিগণের নাম যাহাতে জঙ্গিপুর সংবাদে প্রকাশিত হয় তাহার জন্য আবেদন জানাইলাম। —সামসুল হক, আনোয়ারা বেগম ও জালাল সেখ।


*সবার প্রিয় চা—*

**চা ভাণ্ডার**

রঘুনাথগঞ্জ সদরঘাট

ফোন—১৬

## রামায়ণ লেখার নির্দ্দেশ

( ১ম পৃষ্ঠার পর )

হয়েছে কি না কে জানে! পরীক্ষার দেরী আর মাত্র সপ্তাহ দুয়েক। উপরন্তু বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ছাত্রদের কাছে ১৯৭৮ সালে সমস্ত বিষয়ে পুনরায় পরীক্ষায় বসার নির্দ্দেশ দিয়েছেন। এই নির্দ্দেশে ভুক্তভোগী ছাত্ররা হতভম্ব, বিস্মিত ও বিক্ষুব্ধ। তাদের দাবি, কলকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের এই তুঘলকি আচরণের কারণ খুঁজে বার করা হোক।

## দুর্নীতির অভিযোগ

( ১ম পৃষ্ঠার পর )

প্রকাশ, ইটখোলা মালিকদের বিরুদ্ধে জে এল আর ও আইনগত কোন ব্যবস্থা নিতে ব্যর্থ হলে সামসেরগঞ্জের বিডিও অভিযোগের তদন্ত করেন এবং জে এল আর ও অফিসের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের সুপারিশ জানিয়ে এ ডি এম ( এল আর )-এর কাছে নাকি রিপোর্ট পাঠিয়েছেন। ধুলিয়ানের সাধারণ মানুষও দুর্নীতির অভিযোগের প্রয়োজনীয় তদন্তের জন্য জেলা শাসক ও মহকুমা শাসকের দৃষ্টি আকর্ষণ করছেন।

## তোষণের অভিযোগ

( ১ম পৃষ্ঠার পর )

বিরত থেকে জনৈক ব্যবসায়ীর ড্রাফট ভাঙানোর জন্য ব্যাঙ্কে যেতে অনুরোধ করলে ওই ব্যাঙ্ক কর্মচারী সেই অনুরোধ রাখতে অস্বীকার করেন। কারণ তিনি মনে করেন, পুঁজিপতি তোষণের চেয়েও নির্বাচন প্রশিক্ষণ গ্রহণের গুরুত্ব অনেক বেশী। শ্রমিক, কৃষক ও মেহনতি মানুষের স্বার্থ ভুলে পুঁজিপতি তোষণের এ হেন আচরণে ব্যাঙ্ক কর্মচারী ও স্থানীয় জনসাধারণ উভয়েই বর্তমানে ক্ষুব্ধ।

## বেকার ভাতা তালিকা

( ১ম পৃষ্ঠার পর )

পাঁচ বছর ধরে কর্মবিনিময় কেন্দ্রে আছে, তাঁরাই বেকার ভাতার সুযোগ পাবেন। বেকারদের আদালতে এফিডেবিট করে ইউনাইটেড ব্যাঙ্কে পাঁচ টাকা দিয়ে একটি আমানত খুলতে বলা হচ্ছে। কিন্তু ওই ব্যাঙ্কের রঘুনাথগঞ্জ শাখায় সরকারীভাবে কোন নির্দ্দেশ না আসায় আমানত খোলা স্থগিত রাখা হয়েছে। যাঁরা বেকার ভাতা পাবেন, সরকারীভাবে নির্দিষ্ট যে কোন কাজ করতে তাঁরা বাধ্য থাকবেন। তিন মাস অন্তর তাঁদের ভাতা একসঙ্গে ব্যাঙ্কের আমানতে জমা পড়বে। এইমাত্র জানা গেল, কর্মসংস্থান কেন্দ্রের পরিচয় পত্র অনুযায়ী ব্যাঙ্কে আমানত খোলা হচ্ছে।

## শ্মশান সংস্কার দাবি

( ১ম পৃষ্ঠার পর )

পড়েছে। তার ফলে গ্রীষ্ম ও বর্ষায় অথবা প্রকৃতিক বিপর্যয়ে শ্মশানযাত্রীদের ভীষণ অসুবিধায় পড়তে হয়। অতএব ঘরটি সংস্কার করে মৃতদেহ সৎকারের সুব্যবস্থা করলে ১০টি ওয়ারড এবং তৎসন্নিহিত গ্রামাঞ্চলের জনসাধারণের উপকার হয়। মহকুমা শাসক মীরা পাণ্ডে এক সাক্ষাৎকারে জানান, জঙ্গিপুর শ্মশান সংস্কারের মত টাকা আপাততঃ নাই। সি এম পি ও র অধীনে রঘুনাথগঞ্জ শ্মশান সংস্কারসহ শহরের বিভিন্ন উন্নয়নের জন্য যে টাকা মঞ্জুর করা হয়েছে, কাজ শেষ হওয়ার পর তার থেকে কিছু টাকা বাঁচলে চেষ্টা করা যেতে পারে। অথবা সি এম পি ও প্রকল্প চাইলে জঙ্গিপুর শ্মশান সংস্কারের প্রস্তাব করা যেতে পারে।

## সরকারী সাহায্য

( ১ম পৃষ্ঠার পর )

ডুবে মারা যান। আজ জঙ্গিপুর মহকুমা শাসক মীরা পাণ্ডে জানান, সুকুলবাবুর স্ত্রীকে বড়শিমূল স্কুলে শিক্ষিকার পদে নিয়োগের সুপারিশ করে মুর্শিদাবাদের জেলা শাসককে তিনি চিঠি দিয়েছেন।

৪ জুন পঞ্চায়েত নির্বাচনের দিন লালবাগ মহকুমার নবগ্রামে আর একজন নির্বাচনকর্মী মারা যান। হৃদ্‌যন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে তাঁর মৃত্যু ঘটে বলে জানা যায়। লালবাগের মহকুমা শাসক বিমল পাণ্ডে এই নির্বাচনকর্মীর পরিবারকে সরকারী সাহায্যদানের জন্য সুপারিশ করেছেন, বলে জানা গেছে। এই দুটি ঘটনা ছাড়া জেলার আর কোথাও নির্বাচনকর্মীর মৃত্যুর ঘটনা ঘটেনি।


## শ্রমিকের কাজ বন্ধ

( ১ম পৃষ্ঠার পর )

প্রকাশ, বিগত পঞ্চায়েত নির্বাচনে সেখানে আর এস পি দল জয়লাভ করায় সেখানকার কংগ্রেসী লোকেরা নাকি আর এস পি সমর্থকদের টিউবওয়েল ও পুকুরের জল নেওয়া বন্ধ করতে শুরু করেছে। গ্রামের কোন সরকারী জিনিস ব্যবহারের ব্যাপারেও কংগ্রেসীরা নাকি হুমকি দেখাচ্ছে। এবং আর এস পি-কে ভোট দেওয়ার জন্য গ্রামের লোককে নাকি ভয় দেখানো হচ্ছে। এ ব্যাপারে উভয় দলের মধ্যে গণ্ডগোলের সম্ভাবনা আছে বলে আশঙ্কা করা হচ্ছে।

## দেওয়াল চাপা পড়ে জখম

মঙ্গলবারের প্রবল বর্ষণে রঘুনাথগঞ্জ থানার মিঠিপুরে বাড়ীর দেওয়াল চাপা পড়ে ৪/৫ বছরের এক শিশু জখম হয়েছে।






রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।